যে সত্তার হাতে আমার প্রাণ তাঁর শপথ! তোমাদের মধ্য হতে আমার সালাত আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর সালাতের সাথে অধিক সাদৃশ্যপূর্ণ। দুনিয়া হতে বিদায় নেয়ার পূর্ব পর্যন্ত এই সালাতই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর সালাত ছিল।

আবূ হুরাইরাহ্ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি রমযান ও রমযান ছাড়া ফরজ হোক বা অন্য কোন সালাত হোক, দাঁড়িয়ে শুরু করার সময় "আল্লাহু আকবার" বলতেন, আবার রুকূ‘তে যাওয়ার সময় "আল্লাহু আকবার" বলতেন। অতঃপর (রুকূ‘ হতে উঠার সময়) سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ বলতেন, সিজদায় যাওয়ার পূর্বে رَبَّنَا وَلَكَ الْحَمْدُ বলতেন। অতঃপর সিজদার জন্য অবনত হবার সময় আল্লাহু আকবার বলতেন। আবার সিজদা হতে মাথা উঠানোর সময় "আল্লাহু আকবার" বলতেন। অতঃপর (দ্বিতীয়) সিজদায় যাওয়ার সময় তাকবীর বলতেন এবং সিজদা হতে মাথা উঠানোর সময় তাকবীর বলতেন। দু’ রাক‘আত আদায় করে দাঁড়ানোর সময় আবার তাকবীর বলতেন। সালাত শেষ করা পর্যন্ত প্রতি রাক‘আতে এরূপ করতেন। সালাত শেষে তিনি বলতেন, যে সত্তার হাতে আমার প্রাণ তাঁর শপথ! তোমাদের মধ্য হতে আমার সালাত আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর সালাতের সাথে অধিক সাদৃশ্যপূর্ণ। দুনিয়া হতে বিদায় নেয়ার পূর্ব পর্যন্ত এই সালাতই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর সালাত ছিল।

[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

আবূ হুরাইরাহ রাদিয়াল্লাহু ‘আনহু নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের সালাতের পদ্ধতিসমূহের একটি অংশ বর্ণনা করছেন এবং তিনি সংবাদ দিচ্ছেন যে, নবী সাল্লাল্লাহু ‘আলাহি ওয়াসাল্লাম যখন সালাতের ইচ্ছা করে দাঁড়াতেন তখন ইহরামের তাকবীর বলতেন, অতঃপর যখন রুকুতে যেতেন তখন তাকবীর বলতেন এবং সাজদার সময় ও যখন সাজদা থেকে মাথা উঠাতেন তখন এবং যখন দ্বিতীয় সাজদা করতেন এবং যখন তার থেকে মাথা উঠাতেন এবং যখন তিন অথবা চার রাকাত বিশিষ্ট সালাতে প্রথম দুই রাকাতের প্রথম তাশাহহুদের বৈঠকের পর উঠতেন তখন তাকবীর বলতেন। অতঃপর সালাত শেষ না করা পর্যন্ত পুরো সালাতে এরূপ করতেন। তবে রুকু থেকে পিঠ সোজা করার সময় বলতেন: سمع الله لمن حمده অতঃপর দাঁড়িয়ে □□□□□: ربنا لك الحمد অতঃপর আবূ হুরাইরাহ সালাত শেষে বলতেন, যে সত্তার হাতে আমার প্রাণ তাঁর শপথ! তোমাদের মধ্য হতে আমার সালাত আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর সালাতের সাথে অধিক সাদৃশ্যপূর্ণ। দুনিয়া হতে বিদায় নেয়ার পূর্ব পর্যন্ত এটিই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর সালাতের বিবরণ ছিল।

http://sunnah.global/hadeeth/bn/show/65098